

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৮৬

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الثَّنَفُ

আরবী

وَعَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَيْسَ لِابْنِ آدَمَ حَقُّ فِي سِوَى هَذِهِ الْخِصَالِ: بَيْتٌ يَسْكُنُهُ وَتَوْبٌ يُوَارِي بِهِ عَوْرَتَهُ وجلف الْخبن وَالْمَاء . رَوَاهُ التِّرْمِذِي

اسناده حسن ، رواه الترمذى (2341 وقال: صحيح) - (ضَعِيف)

বাংলা

৫১৮৬-[৩২] 'উসমান ইবনু আফফান (রাঃ) হতে বর্ণিত। নাবী (সা.) বলেছেন: আদম সন্তানের জন্য বসবাসের একখানা ঘর, লজ্জাস্থান ঢাকার একখানা কাপড়, একখণ্ড শুকনা রুটি ও কিছু পানি ব্যতীত আর কিছুই রাখার হাক্ব বা অধিকার নেই। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ২৩৪১; কারণ হাদীসটি ইসরাইলিয়্যাত, হুবায়স ভুল করেছে। দেখুন- য'ঈফফাহ্ ১০৬৩, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা : 'আল্লামাহ্ কাযী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেন : (الكَوَّ) শব্দ দ্বারা উদ্দেশ্য হলো, মানুষ প্রয়োজনের কারণে যার প্রতি মুখাপেক্ষী হয় এবং তা দ্বারা জীবিকা নির্বাহ করে। এটাই হলো (المال) শব্দের প্রকৃত উদ্দেশ্য।



(তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৩৪১; মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন